

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
<http://www.dwa.gov.bd>

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.০০৮.০৮.০০৩৩.১৮.২৩

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তরের 'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নায়ী 'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় গত ৬ এপ্রিল, ২০২৫ তারিখ ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত আবেদন গ্রহণের সময়সীমা নির্ধারণ করা হলেও অনিবার্য কারণবশত: উক্ত তারিখে আবেদন গ্রহণ শুরু করা সম্ভব হয়নি। বর্তমানে ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন নিম্নোক্ত সূচি অনুযায়ী বাস্তবায়নের পুনঃপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রে উপকারভোগী নির্বাচন এর সময়সূচি:


তারিখ	ধাপ/কাজ	দায়িত্ব	সহায়তাকারী	অগ্রগতি
০৫ মে - ১২ মে, ২০২৫ = ৮ দিন	সারাদেশে অনলাইনে আবেদন গ্রহণ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
১৩ মে - ১৯ মে, ২০২৫ = ৭ দিন	যাচাই-বাছাইয়াল্লে ইউনিয়ন কমিটি কর্তৃক এমআইএস সিস্টেমে উপজেলায় প্রাথমিক তালিকা প্রেরণ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
২০ মে - ২৭ মে ২০২৫ = ৮ দিন	যাচাই-বাছাইয়াল্লে উপজেলা কমিটি কর্তৃক এমআইএস সিস্টেমে উপকারভোগীদের খসড়া তালিকা প্রস্তুত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
২৮ মে - ৩ জুন ২০২৫ = ৭ দিন	গণজমায়েত, তালিকা উন্মুক্তকরণ, অভিযোগ নিষ্পত্তি অস্ত্রে উপকারভোগীদের খসড়া তালিকা সংশোধন ও উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত তালিকা অনুমোদন ও প্রণয়ন	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
৪ জুন - ২৬ জুন, ২০২৫ = ২৩ দিন	উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত উপকারভোগীদের মধ্যে কার্ড ও খাদ্য বিতরণ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ	

বর্ণিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতোমধ্যে উপকারভোগী নির্বাচন সংক্রান্ত বিবিএমআইএস ম্যানুয়েল, ভিডিও টিউটোরিয়াল অধিদপ্তরের ওয়েবসাইটে, DWA অফিসার্স গ্রুপে এবং VWB গ্রুপে দেয়া হয়েছে। ম্যানুয়েল অনুসরণে ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম শুরুর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং পাশাপাশি নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১. নির্ধারিত ইউজার ব্যতীত কোনভাবেই অন্য কাউকে ইউজার হিসাবে অন্তর্ভুক্ত করা যাবেনা। ইউনিয়ন উদ্যোক্তাগণ (পুরুষ ও মহিলা) সিস্টেমে শুধুমাত্র আবেদন গ্রহণ করতে পারবেন। ইউনিয়ন উদ্যোক্তা ব্যতীত অফিস সহকারী বা অন্য কাউকে অন্তর্ভুক্ত করা যাবেনা।

২. মাঠ পর্যায়ের সকল ইউজারদের (ইউডিসি এর উদ্যোক্তা, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, তথ্য সরকারী ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা) নম্বরে ওটিপি যাবে যার মাধ্যমে কর্মসূচির এমআইএস এ লগ ইন করা যাবে। উপজেলা/জেলা ইউজার আইডি'র তত্ত্বাবধায়ক সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপপরিচালক। তার আইডি থেকে কোন প্রকার তথ্য আউট এর ঘটনা সংঘটিত হলে এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এ কারণে এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।
৩. ইউনিয়ন সচিবগণ (প্রশাসনিক কর্মকর্তা) সিস্টেমে আবেদন গ্রহণ করতে পারবেন না। তারা শুধুমাত্র উপকারভোগীদের প্রাথমিক তালিকা (ছক-২) তৈরী করতে পারবেন।
৪. উপকারভোগীদের আবেদন গ্রহণ থেকে শুরুর করে চূড়ান্ত নির্বাচন পর্যন্ত এমআইএস সংক্রান্ত যে কোন সমস্যার বিষয়ে তাৎক্ষণিকভাবে এই আইডিতে (dwa.vwb.ho@gmail.com) মেইল করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০৬-০৫-২০২৫
শারমিন শাহীন
উপ পরিচালক
০২-৯৩৩১২৭৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (সকল) জেলা পর্যায়।
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.০০৮.০৮.০০৩৩.১৮.২৩/১ (৪)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। মোহাম্মদ মাহাবুবুর রহমান, প্রোগ্রাম পলিসি অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
- ৩। কামাল শরীফ, এমআইএস অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
- ৪। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।





০৬-০৫-২০২৫
শারমিন শাহীন
উপ পরিচালক